বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিঃ

(বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান)
টেলিফোন নং- ৯২০৫০৯১-৬, ফ্যাক্স-৯২০৫০৯৭
গাজীপুর সেনানিবাস, গাজীপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বিএমটিএফ লিমিটেড, গাজীপুর এর জন্য শুন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত পদে নিয়োগ (চুক্তিভিত্তিক) প্রদান করা হবে। আবেদনকারী প্রার্থীকে নিম্নবর্নিত যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ

ক্রঃ	পদের নাম ও সংখ্যা	যোগ্যতা	বেতন/সুবিধাদি	পরীক্ষার জন্য উপস্থিতির তারিখ
১	মার্কেটিং অফিসার-২ (০২ জন)	ক। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম এম কম/এমবিএ (মার্কেটিং) ডিগ্রীধারী হতে হবে। খ। বাংলাদেশের স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠানের সহকারী মার্কেটিং অফিসার হিসেবে কমপক্ষে ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ। কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। ঘ। ৩১/০৩/২০১৯ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ ৩৫ বৎসর হতে হবে।	বিএমটিএফ লিমিটেড স্বতন্ত্র বেতন স্কেল ২০১৬ এর ১০ তম গ্রেড। (টাকা ১৬০০০-৩৮৬৪০)	২৩/০৫/২০১৯
২	সহকারী ব্যবস্থাপক-২ (MIS) (পুরুষ ০১ জন)	ক। সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজী/ ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলি কমিউনিকেশন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ডিগ্রীধারী হতে হবে (সরকারী বিশ্ববিদ্যালয় হতে গ্রাজুয়েট, সফটওয়্যার এবং নেটওয়ার্কিং এর কাজে মেধাবী, পারদর্শী ও অভিজ্ঞ প্রার্থীকে অগ্রগন্যতার ভিত্তিতে নিয়োগ দেয়া হবে)। খ। কম্পিউটার নেটওয়ার্কিং বা হ্যান্ডলিং নেটওয়ার্ক ডিভাইজ (স্যুইচ, রাউটার, ফায়ারওয়ালস, ফাইবার অপটিকস ইত্যাদি) বিষয়ে কাজের ০৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ। প্রার্থীর My SQL/PHP অভিজ্ঞতা থাকতে হবে এবং LINUX/WINDOWS NT Environment কাজে অভিজ্ঞ হতে হবে। ঘ। কম্পিউটার পরিচালনা ও সার্বিক দায়িত্ব পালনে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ঙ। ওয়েব সাইট ও আর্কাইভ ম্যানেজমেন্ট এ পারদর্শী হতে হবে। চ। সন্ত্রাসী বা রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে জড়িত থাকা প্রমাণিত হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।	বিএমটিএফ লিমিটেড স্বতন্ত্র বেতন স্কেল ২০১৬ এর ১০ তম গ্রেড। (টাকা ১৬০০০-৩৮৬৪০)	২৩/০৫/২০১৯
৩	লিগ্যাল অফিসার-২ (পুরুষ ০১ জন)	ক। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নূন্যতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। খ। বাংলাদেশের স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠানে লিগ্যাল অফিসার হিসেবে কমপক্ষে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ। কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।	বিএমটিএফ লিমিটেড স্বতন্ত্র বেতন স্কেল ২০১৬ এর ১২ তম গ্রেড। (টাকা ১১৩০০-২৭৩০০)	২৩/০৫/২০১৯
৪	সহকারী ক্রয় কর্মকর্তা-২ (০১ জন)	ক। যে কোন বিষয়ে নূন্যতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সমমানের স্নাতক/এমবিএ/মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। খ। ক্রয় সংক্রান্ত ব্যাপারে সম্যক ধারণা। গ। বাংলাদেশের স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠানের সহকারী ক্রয় কর্মকর্তা হিসেবে কমপক্ষে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ঘ। এলসি খোলার ক্ষেত্রে বাস্তব জ্ঞান থাকতে হবে, আমদানী নথি পরিচালনা, কাস্টমস এর বর্তমান নিয়ম ও বিধি, এইচএস কোড, কাস্টমস, ব্যাংক, বন্দর, শিপিং এজেন্ট ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে। ঙ। কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে (এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ)	বিএমটিএফ লিঃ এর স্বতন্ত্র বেতন স্কেল ২০১৬ এর ১২ তম গ্রেড। (টাকা ১১,৩০০.০০-২৭,৩০০.০০)	২৩/০৫/২০১৯
৫	ড্রাফ্টস্ম্যান (০১ জন)	ক। স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে গ্রহণযোগ্য ডিগ্রি/সমমানের যোগ্যতা সম্পন্ন হতে হবে। খ। কম্পিউটার যোগ্যতা সম্পন্ন বিশেষ করে মাইক্রোসফ্ট ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট এর উপর পারদর্শিতা থাকতে হবে। গ। বাংলা ও ইংরেজি টাইপিং এর গতি প্রতি মিনিটে ৩০-৩৫ শব্দ হতে হবে। ঘ। বাংলাদেশের যে কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে ড্রাফটিং এর উপর কমপক্ষে ০৩ বৎসর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ। সন্ত্রাসী বা রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে জড়িত থাকা প্রমাণিত হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। চ। সামরিক বাহিনী হতে অবসরপ্রাপ্ত ইন্ট (INT) সেকশনে কাজ করা ওআরসদের অগ্রাধিকার প্রদান করা হবে।	বিএমটিএফ লিমিটেড স্বতন্ত্র বেতন স্কেল ২০১৬ এর ১৪ তম গ্রেড। (টাকা ১০২০০-২৪৬৮০)	২৩/০৫/২০১৯

৬	ফুটওয়্যার পণ্য ডিজাইনার-২ (চুক্তিভিত্তিক) (০১ জন)	ক। যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন ফুটওয়্যার ডিগ্রিধারী হতে হবে। খ। বাংলাদেশের স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠানে ফুটওয়্যার পণ্য ডিজাইনের উপর কমপক্ষে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ। কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে (এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ)। ঘ। চাকুরির মেয়াদকাল প্রাথমিকভাবে ০২ বৎসর, যা পরবর্তীতে বর্ধিত হতে পারে। ঙ। সার্বক্ষণিক ফ্যাক্টরী অভ্যন্তরে/ফাক্টরীর আশে-পাশে অবস্থান করতে হবে।	বেতন আলোচনা সাপেক্ষে	২৩/০৫/২০১৯
৭	কিউসি অফিসার (প্রোডাকশন) (চুক্তিভিত্তিক) (০১ জন)	ক। যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন লেদার/প্রোডাক্ট/ফুটওয়্যার ইঞ্জিনিয়ার ডিগ্রিধারী হতে হবে। খ। বাংলাদেশের স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠানে ফুটওয়্যার (প্রোডাকশন) এর উপর কমপক্ষে ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ। কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে (এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ)। ঘ। চাকুরির মেয়াদকাল প্রাথমিকভাবে ০২ বৎসর, যা পরবর্তীতে বর্ধিত হতে পারে। ঙ। উৎপাদন কার্যক্রম পর্যবেক্ষণের লক্ষ্যে ফ্যাক্টরীর অভ্যন্তরে অথবা ফ্যাক্টরীর পাশ্ববর্তী এলাকায় বসবাস করতে হবে।	বেতন আলোচনা সাপেক্ষে	২৩/০৫/২০১৯
৮	অভিজ্ঞ ফটোগ্রাফার/সিপি (০১ জন)	ক। যে কোন গ্রহণযোগ্য প্রতিষ্ঠান হতে ফটোগ্রাফির উপর শর্ট কোর্স, এডভ্যান্স ফটোগ্রাফি কোর্স এবং ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট বিভিন্ন কোর্স থাকতে হবে। খ। ফটোগ্রাফি (স্টিল ও ভিডিও) এর উপর সামগ্রীক জ্ঞান থাকতে হবে এবং কাজের ব্যাপারে সৃজনশীল মনোভাব ও আন্তরিক হতে হবে। গ। ছবিতে বিভিন্ন এডিটিং, ইফেক্ট এবং প্রানবন্ত করে তুলতে ফটোশপের বিভিন্ন ভার্সনে কাজ করার দক্ষতা থাকতে হবে। ঘ। ক্যামেরা মেইনটেনেন্স, প্রিন্টারে ছবি প্রিন্ট, ছবির কালার কারেকশন, ছবিতে বিভিন্ন ইফেক্ট ব্যবহারের জন্য সফট্ওয়্যার ও কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। ঙ। ওয়েব সাইট ও আর্কাইভ ম্যানেজমেন্ট এ পারদর্শী হতে হবে। চ। সন্ত্রাসী বা রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে জড়িত থাকা প্রমাণিত হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।	ক। চুক্তিভিত্তিক মাসিক ২৫,০০.০০-৩৫,০০০.০০ টাকা (নূন্যতম বেতনের হার হতে পরবর্তীতে পারদর্শীতার উপর ভিত্তি করে বেতন বৃদ্ধি করা যেতে পারে)। খ। বছরে ০২টি উৎসব বোনাস এবং ফ্যাক্টরী নিয়ম অনুযায়ি নববর্ষ ভাতা প্রদান করা হবে।	২৩/০৫/২০১৯

২। **<u>অন্যান্য সুবিধাদিঃ</u>** প্রযোজ্য ও শর্ত স্বাপেক্ষে ঢাকা ও ফ্যাক্টরী এলাকা গাজীপুরে বিনা খরচে থাকার ব্যবস্থা, টিএ/ডিএ ভাতা ও বাৎসরিক বেতনসহ ৪৮ দিন ছুটি ও অন্যান্য প্রচলিত সুবিধাদি প্রাপ্য। উল্লেখ্য যে, ০১ (এক) বৎসর চাকুরী সমাপনান্তে কাজের দক্ষতা ও শৃংখলার মান অনুযায়ী শুন্য আসনের বিপরীতে চাকুরী স্হায়ী করা হতে পারে।

৩। সকল প্রার্থীর ক্ষেত্রে ৩০/০৪/২০১৯ তারিখে বয়স অনুর্ধ ৩০ বৎসর হতে হবে। অধিক অভিজ্ঞতার ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। মূলত গাজীপুর এবং ঢাকা জেলায় দায়িত্ব পালন এবং বিএমটিএফ লিঃ এর সকল নিয়ম কানুন মেনে চলার মানসিকতা থাকতে হবে।

৪। আবেদনকারীদের নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, ধর্ম ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ২১/০৫/২০১৯ তারিখের মধ্যে বিএমটিএফ লিঃ এর প্রশাসনিক শাখা (এইচআরডি) তে ডাক/কুরিয়ার যোগে/ হাতে হাতে পৌছাতে/জমা দিতে হবে।

৫। প্রার্থীকে নিজ সিটি কর্পোরেশনের কমিশনার/ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং বিএমটিএফ লিঃ গাজীপুর এর অনুকূলে ২০০ (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পোষ্টাল অর্ডার (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। আগ্রহী প্রার্থীদের ডাক্তারী, ব্যবহারিক, মৌখিক ও লিখিত পরীক্ষার জন্য আগামী ২৩/০৫/২০১৯ তারিখ সকাল ০৮৩০ ঘটিকায় এক কপি আবেদনপত্র এবং সকল সনদপত্রের মূল কপিসহ অত্র প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

৭। আবেদনপত্র বাতিল বা সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

স্থানঃ বিএমটিএফ, গাজীপুর সেনানিবাস

তারিখঃ ________ মে ২০১৯

ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচআরডি)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে